**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 25-03-2026** **Desk in Charge: KL**

**Time:- 1-30 PM** **Compile : SUVANKAR B / NBR**

**DEO: AG** **NRT: NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, পশ্চিম এশিয়ার সংঘাতদীর্ণ এলাকায় বসবাসতরত ভারতীয় নাগরিকদের নিরাপত্তা সুনিশ্চিত করাই সরকারের প্রধান লক্ষ্য।

২) উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য সরকার আজ এক সর্বদলীয় ডেকেছে। এই সংঘাতের পরিস্থিতির মধ্যেই আজ দেশীয় শেয়ারবাজার ব্যাপক চাঙ্গা হয়ে ওঠে।

২) পশ্চিম এশিয়ায় সংঘাতের ২৬-তম দিনে আজও ঐ অঞ্চলে অভিযান ও পাল্টা অভিযান চলেছে।

৩) রান্নার গ্যাসের রিফিল বুকিং নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রচারিত খবরের প্রেক্ষিতে সরকার স্পষ্ট জানিয়েছে, বুকিং-এর সময়সীমার আপাতত কোনো পরিবর্তন হয়নি।

৪) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, সরকার, MSME, কৃষক এবং সমবায় ক্ষেত্রগুলির ক্ষমতায়নের লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে।

৫) কোভিড পরবর্তী সময়ে দেশে এখনও পর্যন্ত এক হাজার ২৪ টি নতুন ট্রেনের সূচনা হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন।

৬) পশ্চিমবঙ্গ সফরের দ্বিতীয় দিনে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের আজও বিভিন্ন কর্মসূচী রয়েছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, পশ্চিম এশিয়ার সংঘাতদীর্ণ এলাকায় বসবাসতরত ভারতীয় নাগরিকদের নিরাপত্তা সুনিশ্চিত করাই সরকারের প্রধান লক্ষ্য। ইরানে ৭শো মেডিকেল পড়ুয়া সহ ঐ অঞ্চল থেকে ৩ লক্ষ ৭৫ হাজার ভারতীয়কে দেশে ফিরিয়ে আনা হয়েছে। রাজ্যসভায় গতকাল প্রধানমন্ত্রী জানান, ক্ষতিগ্রস্ত পরিবারগুলির কাছে প্রয়োজনীয় সব সহায়তা ও চিকিৎসা সরঞ্জাম পৌঁছে দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী ব্যক্তিগতভাবে পশ্চিম এশিয়ার প্রায় সব দেশের নেতার সঙ্গে দফায় দফায় কথা বলেছেন এবং শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ইরাণ, ইজরায়েল, মার্কিন যুক্তরাষ্ট্র ছাড়াও উপসাগরীয় দেশগুলির সঙ্গেও যোগাযোগ রেখে চলেছে। হরমুজ প্রণালী খুলে দেওয়া এবং উত্তেজনা প্রশোমনের বিষয়টি তাঁদের আলোচনায় উঠে আসে।

ভারত আবারও সাধারণ মানুষ এবং নাগরিক পরিকাঠামো বা শক্তি ও পরিবহণ ব্যবস্থা লক্ষ্য করে চালানো হামলার তীব্র নিন্দা করেছেন। তিনি জানান, ভারতের সব তৈল শোধনাগারগুলি সর্বোচ্চ ক্ষমতায় কাজ করে চলেছে। দেশীয় বাজারে LPG উৎপাদন বেড়েছে। পেট্রোল এবং ডিজেল পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে।

( বাইট- মোদী )

বিভিন্ন দেশ থেকে অপরিশোধিত তেলবাহী একাধিক জাহাজ ভারতে পৌঁছেছে এবং দেশে জ্বালানী সরবরাহ অক্ষুণ্ণ রাখতে লাগাতার কাজ চালানো হচ্ছে। অপরিশোধিত তেল আমদানী করা দেশের সংখ্যা ২৭ থেকে বাড়িয়ে ৪১ করা হয়েছে। সরকার LPG-র পাশাপাশি পাইপ বাহিত গ্যাস ব্যবহারে উৎসাহ দিচ্ছে। দেশের কৃষক সম্প্রদায়কে যাতে সংঘাতের ফল ভোগ করতে না হয় তা নিশ্চিত করতে প্রধানমন্ত্রী জানান, দেশে সারের পরিমাণও পর্যাপ্ত রয়েছে।

*************************

পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য সরকার আজ এক সর্বদলীয় বৈঠক ডেকেছে। সংসদভবন চত্বরে বিকেলে এই বৈঠক হওয়ার কথা।

কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী সংসদভবন চত্বরে সাংবাদিকদের বলেন, বর্তমান পরিস্থিতি নিয়ে বিরোধী দলগুলির সঙ্গে আলাপ আলোচনার জন্যই এই বৈঠক ডাকা হয়েছে। সংকটের এই সময়ে বিরোধী দলগুলির উচিত গঠনমূলক ভূমিকা গ্রহণ করা। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে তারা তা করছে না। বরং এই পরিস্থিতি নিয়ে রাজনীতি করছে বলেও শ্রী যোশী অভিযোগ করেন।

( বাইট- যোশী )

এদিকে রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়ার প্রধান কেন্দ্রীয় মন্ত্রী রামদাস আটওয়ালে বলেছেন, বৈঠকে পশ্চিম এশিয়ার সংকট নিয়ে বিস্তারিত আলোচনা হবে। প্রত্যেকেই এব্যাপারে তাদের অভিমত ব্যক্ত করতে পারেব বলেও মন্তব্য করেন তিনি। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এর আগে সংসদের উভয় সভায় পশ্চিম এশ্য়ার পরিস্থিতি নিয়ে এক বিবৃতি দেন। সেখানে তিনি স্পষ্ট বলেন, সরকার তেল, গ্যাস ও সারের পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করতে প্রয়োজনীয় সবরকমের ব্যবস্থা নিয়েছে।

**************************

রান্নার গ্যাসের রিফিল বুকিং নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রচারিত খবরের প্রেক্ষিতে সরকার স্পষ্ট জানিয়েছে, বুকিং-এর সময়সীমার কোনো পরিবর্তন আপাতত হয়নি। শহরাঞ্চলে একটি গ্যাস বুকিং-এর ২৫ দিন পর দ্বিতীয়টি এবং গ্রামাঞ্চলে তা ৪৫ দিন পরেই তা করা যাবে। এই সময়সীমার কোনো হেরফের হয়নি। প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা এবং তার বাইরে অন্য সংযোগের ক্ষেত্রেও এই সময়সীমা বহাল থাকবে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে নাগরিকদের এইধরনের বিভ্রান্তিমূলক খবরে কর্ণপাত না করা এবং আতঙ্কিত হয়ে তড়িঘড়ি এলপিজি সিলিন্ডার বুকিং-এর মত পদক্ষেপ না নেওয়ারও পরামর্শ দেওয়া হয়েছে. মন্ত্রক এও জানিয়েছে, দেশে পর্যাপ্চত পরিমাণএই এলপিজির মজুত ভান্ডার এবং অযথা উদ্বেগের কোনো কারণ নেই।

উল্লেখ্য, সংবাদমাধ্যমের একাংশে প্রকাশিত খবরে বলা হয়, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় সিলিন্ডার পাওয়ার জন্য বুকিং-এর সময়সীমা ৪৫ দিন রাখা হয়েছে। এছাড়া

উজ্জ্বলা যোজনার আওতাভুক্ত নয়, এমন ধরনের সংযোগের ক্ষেত্রে সিঙ্গল সিলিন্ডারে ২৫ দিন এবং ডাবল সিলিন্ডারের বুকিং-এর ক্ষেত্রে ৩৫ দিনের সময়সীমা ধার্য করা হয়েছে।

*************************

রাষ্ট্রায়াত্ত্ব ভারত পেট্রোলিয়াম ও হিন্দুস্তান পেট্রোলিয়াম সংস্থা জানিয়েছে, দেশে বর্তমানে জ্বালানীর কোনো ঘাটতি নেই। সামাজিক মাধ্যমে এক বার্তায় বিপিসিএল ও এইচপিসিএল-এর ক্ষেত্রে বলা হয়েছে, রান্নার গ্যাস বা এলপিজি, অপরিশোধিত তেল, পেট্রোল, ডিজেল ও বিমানের জ্বালানী বা অ্যাভিয়েশন টারবাইন ফুয়েল পর্যাপ্ত পরিমাণেই মজুত রয়েছে এবং কোনোরকম বাধা বিঘ্ন ছাড়াই সরবরাহ শৃঙ্খলও সুষ্ঠুভাবে কাজ করছে। কিছু এলাকায় পেট্রোল ও ডিজেলের ঘাটতি নিয়ে যে খবর প্রচারিত হচ্ছে, তা সম্পূর্ণ গুজব বলে উড়িয়ে দিয়েছে এই দুই সংস্থা। নাগরিকদের অকারণে প্যানিক না করারও পরামর্শ দিয়েছে এই সংস্থাগুলি।

*************************

পশ্চিম এশিয়ায় সংঘাতের পরিস্থিতির মধ্যেই দেশীয় শেয়ারবাজার আজ চাঙ্গা হয়ে ওঠে। বম্বে শেয়ারবাজারের সূচক সেনসেক্স দিনের শুরুতেই ৭৫ হাজার ৬০০-র গন্ডি অতিক্রম করে। বেলার দিকে তা সামান্য ১৪০০ পয়েন্ট বেড়ে ৭৫ হাজার ৫১৫-এ দাঁড়ায়। জাতীয় শেয়ারসূচক নিফটিও ৪৫১ পয়েন্ট বৃদ্ধি পেয়ে ২৩ হাজার ৩৬৪-তে দাঁড়ায়। এর আগে গত কয়েকদিন শেয়ারবাজারে ব্যপক নিম্নগতি লক্ষ্য করা যায়।

*************************

পশ্চিম এশিয়ায় সংঘাত ২৬ দিনে পড়ল। আজও ওই অঞ্চলে অভিযান, পাল্টা অভিযান চলছে। শুরু হয়েছে নতুন করে কূটনৈতিক তৎপরতাও। ইজরায়েলী সেনা দক্ষিণ লেবাননে তাঁদের অভিযান আরো জোরদার করেছে। ইজরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইজরায়েল কাটজ বলেছেন, নিরাপত্তার কারণে লিতানি নদী পর্যন্ত এলাকা সেনার দখলে নেওয়া হচ্ছে। হেজবোল্লাদের ব্যবহারকারী একাধিক সেতু ধ্বংস করে দেওয়া হয়েছে। ইজরায়েলের উত্তরাঞ্চল সুরক্ষিত না হওয়া পর্যন্ত উদ্বাস্তু

নাগরিকদের সেখানেই ফিরতে দেওয়া হবে না। বেইরুটে ইজরায়েলী হামলায় দু জন প্রাণ হারিয়েছেন। চামোউন আবাসিক এলাকায় জখম আরো ৫ জন। দক্ষিণ লেবাননেও যুদ্ধ পরিস্থিতি অব্যাহত থাকায় ক্ষয়ক্ষতি ও প্রাণহানির পরিমাণ বাড়ছে।

ওয়াশিংটন থেকে পেন্টাগন, জানিয়েছে, বায়ুসেনার ৮২ তম দলের ২ হাজার বাহিনীকে পশ্চিম এশিয়ার সংঘাতের জন্য মোতায়েন করা হবে। একই সঙ্গে মধ্যস্থতার মাধ্যমে যুদ্ধাবসানের লক্ষ্যে ১৫ দফার একটি প্রস্তাব ইরাণে পাঠানো হয়েছে। মার্কিন সেনার দাবী, ইরাণের ৭ হাজার সেনা ঘাঁটি ধ্বংস করে দেওয়া হয়েছে। ফলে তেহেরানের সামরিক ক্ষমতা আরো হ্রাস পেয়েছে বলেও দাবী করেছে তারা।

এদিকে, ইরাণ, তেল আভিভ লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হানা অব্যাহত রেখেছে। আহত ৬ জন। লেবানন এবং প্যালেস্তাইনে ইজরায়েলী অভিযান চলতে থাকলে আরো বড় হামলা চালানো হবে বলে ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কোর হুঁশিয়ারী দিয়েছে। সম্প্রতি সংঘাতের কারণে আলি লারিজানির মৃত্যুর পর দেশের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদের নতুন সচিব হিসেবে মহম্মদ বাঘের জোলঘাদ্রকে নিয়োগ করা হয়েছে।

**************************

ইরাণের বুশেহর পারমানবিক শক্তিকেন্দ্র লক্ষ্য করে গত সন্ধ্যায় একটি ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়। ওই অঞ্চলে চলতি অস্থিরতার মধ্যে এই নিয়ে এটি দ্বিতীয় হামলা। তবে পারমানবিক কেন্দ্রের সেরকম কোনো ক্ষতি হয়নি। হতাহতের কোনো খবর নেই। ওই কেন্দ্রে স্বাভাবিকভাবেই কাজকর্ম চলছে। আন্তির্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা IAEAর মহানির্দেশক রাফায়েল মারিয়ানো গ্রোসি, সংঘাত চলাকালীন পারমানবিক কেন্দ্রগুলির নিরাপত্তা সুনিশ্চিত করতে সর্বাধিক সংযম বজায় রাখার জন্য দায়বদ্ধতার কতা পুনর্ব্যক্ত করেছেন। এজন্য সকলের প্রতি আহ্বান জানান তিনি। পারমানবিক কেন্দ্র লক্ষ্য করে যে কোনো আঘাত, পারমানবিক নিরাপত্তার সাতটি গুরুত্বপূর্ণ স্তম্ভে আঘাতের সা্মিল বলেও তিনি জানান।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App,কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।

*************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “গ্রামীণ অর্থনীতিতে পাট চাষ ও পাট শিল্প"। এই নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার কল্যান কুমার মজুমদারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে,একই সঙ্গে ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, MSME, কৃষক এবং সমবায় ক্ষেত্রগুলি কর্মসংস্থান তৈরী, উৎপাদন ও দেশের সার্বিক উন্নয়নের মূল কেন্দ্র এবং সরকার তাদের ক্ষমতায়নের কাজ চালিয়ে যাচ্ছে। শ্রীমতি সীতারামন আজ লোকসভায় অর্থ বিল ২০২৬ এর ওপর আলোচনার জবাবী ভাষন দেন। তিনি বলেন, ডিজিটাল

পরিকাঠামো, বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদন, সামুদ্রিক পণ্য, চামড়া, গুরুত্বপূর্ণ খনিজ এবং পারমানবিক শক্তি ক্ষেত্রে ভারতকে বিকশিত দেশে পরিণত করতে সরকার সহায়তা করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ রূপান্তরের এক নতুন যাত্রায় সওয়ার হয়েছে। মধ্যবিত্তকে স্বস্তি দিতেই এই বিল আনা হয়েছে বলে জানিয়ে শ্রীমতি সীতারামন বলেন, ১৭টি জরুরী জীবনদায়ী ওষুধের ওপর সীমা শুল্ক তুলে নেওয়া হয়েছে।

***************************

রেলমন্ত্রী অশ্বীনি বৈষ্ণব জানিয়েছেন, কোভিড পরবর্তী সময়ে দেশে এখনও পর্যন্ত মোট ১ হাজার ২৪টি নতুন ট্রেনের সূচনা হয়েছে। লোকসভায় আজ এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই সময়ের মধ্যে ৪ হাজার ৬৫১টি নতুন কোচও ভারতীয় রেল পরিষেবার সঙ্গে যুক্ত হয়েছে।

গরীব ও মধ্যবিত্তের যাতায়াতের জন্য রেল একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হওয়ায় সরকার এই পরিষেবাকে আরও সুবিধাজনক ও সহজলভ্য করতে সচেষ্ট, বর্তমানে রেলে মোট আসনের ৭৮ শতাংশই সাধারণ ও স্লিপার শ্রেণিভুক্ত বলেও তিনি জানান।

( বাইট- রেলমন্ত্রী )

রেলমন্ত্রী জানিয়েছেন, ট্রেনে টিকিট বুকিং এর ক্ষেত্রে জালিয়াতি রুখতে সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। তিন কোটিরও বেশি ভুয়ো আইআরসিটিসি অ্যাকাউন্ট বাতিল করা হয়েছে। ট্রেনের সুরক্ষায় বেশি নজর দেওয়ার ফলে দুর্ঘটনা ৯০ শতাংশ কমেছে। এক্ষেত্রে এক লক্ষ ২০ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে বলেও শ্রী বৈষ্ণব জানিয়েছেন।

***************************

পশ্চিমবঙ্গ সফরের দ্বিতীয় দিনে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের আজও বিভিন্ন কর্মসূচী রয়েছে। কিছুক্ষণ আগে তিনি দক্ষিণেশ্বরে মা ভবতারিণী মন্দিরে মন্দিরে পুজো দেন। রামকৃষ্ণ পরমহংসদেব, মা সারদার ঘর , রামকৃষ্ণ দেবের ধ্যানকক্ষ পরিদর্শন করেন।

পরে সাংবাদিকদের শ্রী নবীন বলেন, যে বাংলার সংস্কৃতি একদা সারা দেশে সমাদৃত ছিলো, সেই সাংস্কৃতিক পরিমণ্ডল তৃণমূল সরকারের আমলে নষ্ট হয়েছে। বাংলার হৃত গৌরব পুনরুদ্ধারের এর লক্ষ্যে মায়ের আশীর্বাদ নিয়েছেন তিনি। 'বিকশিত বাংলা' গড়ে তোলার জন্য তিনি মায়ের কাছে প্রার্থনা করেছেন।

************************************************************************